শেষের পাতা

সংবাদের সাথে প্রতিমুহূর্ত

দৈনিক

আমার বার্তা

The Daily Amar Barta

আজ মঙ্গলবার ■ ঢাকা ■ ১১ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ ■ ১৫ জমাঃ আউঃ ১৪৪৮ হিজরি ২৭ অক্টোবর ২০২৬

আজকের শিক্ষার্থীরাই ভবিষ্যতে বাংলাদেশকে নেতৃত্ব দেবে : রাষ্ট্রপতি

নিজস্ব প্রতিবেদক

রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, আজকের তরুণ প্রজন্ম ও শিক্ষার্থীরাই ভবিষ্যতে বাংলাদেশকে নেতৃত্ব দেবে। তোমাদের মধ্যেই আমরা দেখতে পাই নতুন বাংলাদেশ, নতুন স্বপ্ন। গতকাল বঙ্গভবন পরিদর্শনে আসা মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থীদের সঙ্গে সাক্ষাৎকালে রাষ্ট্রপতি এ কথা বলেন। রাষ্ট্রপতির প্রেস সচিব মো. সরওয়ার আলম বাসসকে এ তথ্য জানান। সম্প্রতি জারি হওয়া 'শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের বঙ্গভবন ভ্রমণ সংক্রান্ত নীতিমালা-২০২৬'-এর আওতায় প্রথমবারের

● পৃষ্ঠা ২ কলাম ১



রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে বঙ্গভবন পরিদর্শনে আসা মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থী ও শিক্ষকগণ সাক্ষাৎ করেন -পিআইডি

তুরস্কে প্রদর্শিত হবে বাংলাদেশের পাটপণ্য

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশের ঐতিহ্যবাহী পাট ও পাটজাত পণ্যকে আন্তর্জাতিক বাজারে তুলে ধরতে তুরস্কে প্রদর্শনীর উদ্যোগ নিয়েছে সরকার। আগামী ৯ থেকে ২০ নভেম্বর তুরস্কের আনতালিয়ায় অনুষ্ঠেয় জাতিসংঘের জলবায়ু সম্মেলনে (কপ-৩১) বাংলাদেশের পাটজাত পণ্যের বিশেষ প্রদর্শনী আয়োজনের পরিকল্পনা রয়েছে। এর মাধ্যমে পরিবেশবান্ধব পণ্য হিসেবে পাটের ব্যবহার বাড়ানো এবং আন্তর্জাতিক বাজারে বাংলাদেশের পাটশিল্পের বাণিজ্যিক সম্ভাবনা তুলে ধরার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

কপ-৩১ সম্মেলনে বাংলাদেশের অংশগ্রহণের প্রস্তুতির অংশ হিসেবে পাটজাত পণ্য প্রদর্শনের বিষয়টি নিয়ে কাজ চলছে। সম্মেলনস্থলে

● পৃষ্ঠা ২ কলাম ১



ঔষধি গ্রাম

লতাপাতায় জীবন ও জীবিকা

নিজস্ব প্রতিবেদক

বনের লতাপাতা, গুল্ম, শিকড় কিংবা গাছের ছাল-অনেকের কাছে এসব নিছক বনজ উপাদান। তবে গাজীপুরের শ্রীপুরের বরমী ইউনিয়নের দরগাচালা ও ডালেশ্বর গ্রামের মানুষের কাছে এসবই জীবিকা ও সম্ভাবনার বড় উৎস হয়ে দাঁড়িয়েছে। কয়েক প্রজন্ম ধরে ভেষজ উদ্ভিদ সংগ্রহ, প্রক্রিয়াজাত ও বাজারজাত করে জীবিকা নির্বাহ করছে প্রায় আড়াইশ পরিবার।

শুধু স্থানীয় বাসিন্দারাই নন, আশপাশের এলাকার দুই সহস্রাধিক মানুষও প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যুক্ত এ কাজে। ভেষজ বাণিজ্যকে ঘিরে গড়ে উঠেছে একটি বড় অর্থনৈতিক বলয়। আর ভেষজ উদ্ভিদের উৎপাদন ও ব্যবসার কারণে ডালেশ্বর পেয়েছে 'ঔষধি গ্রাম'-এর স্বীকৃতি।

স্থানীয়রা জানিয়েছেন, শ্রীপুরের বরমী ইউনিয়নের দরগাচালা ও ডালেশ্বর গ্রাম ভেষজ উদ্ভিদ সংগ্রহ ও ব্যবসার জন্য এলাকায় আলাদা পরিচিতি তৈরি হয়েছে গ্রাম দুটির। প্রতিদিন ভোর থেকেই বিভিন্ন বয়সী মানুষ ছুটে যান আশপাশের বনজঙ্গল, মাঠ, জলাশয় ও বিভিন্ন এলাকায়। কেউ সংগ্রহ করেন গাছের ছাল, কেউ পাতা, ফুল, লতা কিংবা শিকড়। আবার কেউ স্থানীয় কৃষক ও সংগ্রহকারীদের কাছ থেকে কিনে নেন এসব ভেষজ উপাদান। সংগ্রহ করা এসব উপকরণের মধ্যে রয়েছে অর্জুনের ছাল, বাসক পাতা, নিমপাতা ও নিমের ছাল, আমলকী, হরীতকী, পেঁপে, বহেরা, লজ্জাবতী, শাপলাসহ বিভিন্ন ধরনের ভেষজ উদ্ভিদ। সংগ্রহের পর শুরু হয় বাছাই ও প্রক্রিয়াজাতকরণ। বাড়ির আঙিনা, খোলা জায়গা কিংবা সড়কের পাশে রোদে শুকিয়ে নেওয়া হয় এসব উপাদান। এরপর চাহিদা অনুযায়ী বস্তাবন্দি করে পাঠানো হয় দেশের বিভিন্ন প্রান্তে। পাইকারদের মাধ্যমে এসব ভেষজ উপাদান পৌঁছে যায় হারবাল ও ইউনানী ওষুধ প্রস্তুতকারী বিভিন্ন প্রতিষ্ঠানে। কয়েক প্রজন্ম ধরে চলে আসা এই পেশা এখন আর শুধু ঐতিহ্যের মধ্যে সীমাবদ্ধ নেই। ভেষজ ব্যবসাকে ঘিরে গড়ে উঠেছে স্থানীয় কর্মসংস্থানের বড় ক্ষেত্র। সংগ্রহকারী থেকে শুরু করে বাছাই, শুকানো, সংরক্ষণ,

● পৃষ্ঠা ২ কলাম ২

উন্নয়নের নামে ১২৪৩ কোটি টাকা আত্মসাৎ

নিজস্ব প্রতিবেদক

সরকারি অর্থ লুটপাটের অভিযোগের বড় উদাহরণ পিরোজপুরে ভান্ডারিয়া উপজেলার সড়কগুলো। আর অভিযোগের কেন্দ্রে রয়েছে সরকারি কর্মকর্তা, ঠিকাদার ও প্রভাবশালী রাজনীতিকদের একটি গোষ্ঠী। এদের মধ্যে জেলার সাবেক দুই এমপি মহিউদ্দিন মহারাজ ও শ ম রেজাউল করিম রয়েছেন।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) পিরোজপুর জেলা কার্যালয় ২০২০ থেকে ২০২৪ সালের মধ্যে নেওয়া ১৭টি প্রকল্পের তদন্ত করে। এতে অন্তত আটটি প্রকল্পে দুর্নীতি ও অর্থ আত্মসাতের তথ্য পাওয়া যায়। এই আট প্রকল্পের মোট চুক্তিমূল্য ছিল ২ হাজার ১৪১ কোটি টাকা। এর বিপরীতে ছাড় করা হয়েছে ২ হাজার ৬৯ কোটি টাকা। কিন্তু বাস্তবে সম্পন্ন কাজের মূল্য মাত্র ৮২৬ কোটি ৩৮ লাখ টাকা। অর্থাৎ সম্পন্ন কাজের মূল্যের তুলনায় প্রায় ১ হাজার ২৪৩ কোটি টাকা বেশি পরিশোধ করা হয়েছে।

> এলজিইডির হিসাব অনুযায়ী, আটটি প্রকল্পেই সম্পন্ন কাজের মূল্য অপেক্ষা বেশি অর্থ পরিশোধ করা হয়েছে। বরিশাল ডিভিশন ইমপরট্যান্ট উপজেলা অ্যান্ড ইউনিয়ন রোড ওয়াইডেনিং অ্যান্ড স্ট্রেংদেনিং প্রজেক্টের কাজ হয়েছে ১৫ শতাংশ, আর অর্থ পরিশোধ ৯০ শতাংশ। ক্লাইমেট-অ্যাডাপটিভ ফার্মিং ডেভেলপমেন্ট অ্যান্ড রুরাল ইনফ্রাস্ট্রাকচার প্রজেক্টের কাজ হয়েছে ৪১ শতাংশ, আর অর্থ পরিশোধ ৮৫ শতাংশ। ইমপরট্যান্ট ব্রিজ রি-কনস্ট্রাকশন প্রজেক্টের কাজ হয়েছে ৫০ শতাংশ, আর অর্থ পরিশোধ ১০৬ শতাংশ।

এ আটটি প্রকল্পের সব কাজ পেয়েছিল একই পরিবারের সদস্যদের মালিকানাধীন প্রতিষ্ঠান। ওই পরিবারের সদস্যরা হলেন পিরোজপুর-২ আসনের সাবেক স্বতন্ত্র এমপি মহিউদ্দিন মহারাজ, তার তিন ভাই ও এক ভাইয়ের স্ত্রী। নথিপত্রে দেখা যায়, কাজ শেষ হওয়ার আগেই বিল পরিশোধ, একই কাজের জন্য একাধিকবার অর্থ পরিশোধ, নিম্নমানের নির্মাণসামগ্রী ব্যবহার এবং নথিপত্র সংরক্ষণে গুরুতর অবহেলার ঘটনা ঘটেছে। কিছু সরকারি নথি পুরোপুরি গায়েব হয়ে গেছে। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) সরকারি ক্রয়প্রক্রিয়া নিয়ে কাজ করা মোহাম্মদ তৌহিদুল ইসলাম বাংলাদেশ প্রতিদিনকে বলেন, প্রায় ২০০টি টেন্ডারে একজন করে দরদাতা অংশ নিয়েছেন। এসব ক্ষেত্রে যে দুটি প্রতিষ্ঠান দরদাতা হিসেবে অংশ নিয়ে সেসব প্রতিষ্ঠানের মালিক মহিউদ্দিন মহারাজ। অর্থাৎ অন্য ঠিকাদারদের প্রতিযোগিতায় অংশ নেওয়ার সুযোগই দেওয়া হয়নি। সরকারি কর্মকর্তাদের সঙ্গে যোগসাজশে এমনভাবে সিস্টেম তৈরি করেছে যেন অংশ কেউই অংশ নিতে না পারেন। এলজিইডির হিসাব অনুযায়ী, আটটি প্রকল্পেই সম্পন্ন কাজের মূল্য অপেক্ষা বেশি অর্থ পরিশোধ করা হয়েছে। বরিশাল ডিভিশন ইমপরট্যান্ট উপজেলা অ্যান্ড ইউনিয়ন রোড ওয়াইডেনিং অ্যান্ড স্ট্রেংদেনিং প্রজেক্টের কাজ হয়েছে ১৫ শতাংশ, আর অর্থ পরিশোধ ৯০ শতাংশ। ক্লাইমেট-অ্যাডাপটিভ ফার্মিং ডেভেলপমেন্ট অ্যান্ড রুরাল ইনফ্রাস্ট্রাকচার প্রজেক্টের কাজ হয়েছে ৪১ শতাংশ, আর অর্থ পরিশোধ ৮৫ শতাংশ। ইমপরট্যান্ট ব্রিজ রি-কনস্ট্রাকশন প্রজেক্টের কাজ হয়েছে ৫০ শতাংশ, আর অর্থ পরিশোধ ১০৬ শতাংশ। অর্থাৎ কাজ অর্ধেক শেষ হলেও চুক্তিমূল্যের চেয়েও বেশি অর্থ দেওয়া হয়েছে। আরবান হেলথ ব্রিজেস প্রজেক্টের কাজ হয়েছে ৫০ শতাংশ, অর্থ পরিশোধ ১০০ শতাংশ। আপগ্রেডিং টু মডার্ন ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট

● পৃষ্ঠা ২ কলাম ২

মাদ্রাসা শিক্ষাব্যবস্থা আধুনিক করতে বিভিন্ন উদ্যোগ নিয়েছি: শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

মাদ্রাসার শিক্ষাব্যবস্থা আধুনিকায়ন করতে সরকার বিভিন্ন ধরনের উদ্যোগ নিয়েছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহসানুল হক মিলন।

গতকাল সোমবার বিকালে রাজধানীতে বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে 'হিফযুল কুরআন অ্যাওয়ার্ড ও কুরআন উৎসব ২০২৬' অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা জানান তিনি।

আক্ষেপ করে শিক্ষামন্ত্রী বলেন, 'আমরা দ্বীন শিক্ষা থেকে পিছিয়ে যাচ্ছি। এটা আমাদের জাতির জন্য কল্যাণকর নয়।'

আগামী দিনের শিক্ষাব্যবস্থায় ধর্ম শিক্ষায় গুরুত্ব দেওয়ার কথা জানিয়ে তিনি বলেন, 'নাহলে আগামীর যে বাংলাদেশ আমরা চাচ্ছি সেটা পাবো না।' এহসানুল

● পৃষ্ঠা ২ কলাম ৩

শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

ঢাকা মেট্রোতে বহাল বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদ নেতা সরোয়ার

মুনিরুল তারেক

শি প্রকৌশল অধিদপ্তরের (ইইডি) ঢাকা মেট্রো কার্যালয়ে কর্মরত সহকারী প্রকৌশলী মো. সরোয়ার হোসেনের বিরুদ্ধে নিষিদ্ধ ঘোষিত রাজনৈতিক দলের দলীয় পদে থাকা, ঠিকাদারি কাজে অসাধু প্রভাব বিস্তার এবং অনৈতিক সুবিধার বিনিময়ে স্বপদে বহাল থাকার তীব্র অভিযোগ উঠেছে। ২০২৪ সালের ৫ আগস্টের রাজনৈতিক পটপরিবর্তনের পর এবং সরকার ঘোষিত প্রশাসনিক পুনর্গঠনের মধ্যেও বিতর্কিত এই কর্মকর্তা বহাল তবিয়তে থাকায় অধিদপ্তরের দীর্ঘদিনের বঞ্চিত কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে তীব্র অসন্তোষ স"ষ্টি হয়েছে। প্রাপ্ত প্রশাসনিক নথি অনুযায়ী, ২০২২ সালের



২৭ জুলাই অনুমোদিত 'বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদ'-এর শি প্রকৌশল অধিদপ্তর (ইইডি) শাখার ১৯ সদস্যবিশিষ্ট আহ্বায়ক কমিটির ১৪ নম্বর সদস্য হিসেবে মো. সরোয়ার হোসেনের নাম রয়েছে। তৎকালীন নথিতে তার পরিচয় 'ঢাকা মেট্রোর সহকারী প্রকৌশলী' হিসেবেই উল্লেখ ছিল। সরকারি চাকরিতে থাকা অবস্থায় প্রকাশ্য রাজনৈতিক সংগঠনের কমিটিতে থাকা এবং সক্রিয় ভূমিকা পালন করা সরাসরি সরকারি চাকরিবিধির লঙ্ঘন। এছাড়া, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) সাবেক ছাত্রলীগ সভাপতি সরোয়ার হোসেনের সাথে বিগত ফ্যাসিস্ট সরকারের

● পৃষ্ঠা ২ কলাম ৩

একযোগে দেশের ৮৫ সাব-রেজিস্ট্রারকে বদলি

নিজস্ব প্রতিবেদক

দেশের ৮৫ জন সাব-রেজিস্ট্রারকে একযোগে বদলি করেছে আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ। বদলি হওয়া কর্মকর্তাদের আগামী ২৯ অক্টোবরের মধ্যে বর্তমান কর্মস্থলের দায়িত্ব হস্তান্তর করে নতুন কর্মস্থলে যোগ দিতে বলা হয়েছে।

সোমবার (২৬ অক্টোবর) আইন ও বিচার বিভাগের বিচার শাখা-৬ থেকে এ-সংক্রান্ত আদেশ জারি করা হয়। আদেশে সই করেছেন উপসচিব (রেজিস্ট্রেশন) মো. মাসুদ

● পৃষ্ঠা ২ কলাম ৩

জুলাই আন্দোলনে ট্রাকচালক হত্যা

শেখ হাসিনাসহ ৩৪ জনের বিচার শুরু

নিজস্ব প্রতিবেদক

জুলাই আন্দোলনের সময় রাজধানীর মোহাম্মদপুরে মো. হোসেন নামে এক ট্রাকচালককে হত্যার মামলায় ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ৩৪ জনের বিরুদ্ধে চার্জগঠন (অভিযোগ গঠন) করে বিচার শুরুর আদেশ দিয়েছেন আদালত। সোমবার (২৬ অক্টোবর) দুপুরে ঢাকার চার নম্বর বিশেষ জজ আদালত-৪-এর বিচারক রবিউল আলম আসামিদের অব্যাহতির আবেদন নাকচ করে অভিযোগ গঠনের আদেশ দেন। একই সঙ্গে সাক্ষ্য গ্রহণের জন্য আগামী ২৫ নভেম্বর দিন ধার্য করেন আদালত।

রাষ্ট্রপক্ষের আইনজীবী মো. আনিসুর রহমান বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, মামলার ৩৪ আসামির মধ্যে শুরু থেকেই ২২ জন পলাতক। কারাগার থেকে সাবেক প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক ও সাবেক সংসদ সদস্য সাদেক খানসহ নয়জনকে আদালতে হাজির করা হয়। জামিনে থাকা দুই আসামিও আদালতে উপস্থিত ছিলেন। অন্যদিকে, মুহাম্মদ বদিউল আলম ওরফে বদিউজ্জামান অন্য মামলায় কারাগারে

● পৃষ্ঠা ২ কলাম ৩

এনবিআরের ভারপ্রাপ্ত চেয়ারম্যান থেকে পূর্ণাঙ্গ দায়িত্বে আহসান হাবিব

নিজস্ব প্রতিবেদক

জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান পদে নিয়োগ পেয়েছেন আহসান হাবিব। তিনি এতদিন এনবিআরের ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন। গতকাল সোমবার জনপ্রশাসন মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে তাকে রাষ্ট্রপতির ১০ শতাংশ কোটায় অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সচিব ও এনবিআরের চেয়ারম্যান পদে প্রেষণে নিয়োগ দেওয়া হয়। প্রজ্ঞাপনে বলা হয়েছে,

● পৃষ্ঠা ২ কলাম ৩

ঢাকায় নাগরিক সেবা নিশ্চিত করা দুই সিটি করপোরেশনের একার পক্ষে বড় চ্যালেঞ্জ-সড়কমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

সড়ক পরিবহন ও সেতু, রেলপথ এবং নৌপরিবহন মন্ত্রণালয়ের মন্ত্রী শেখ রবিউল আলম বলেছেন, রাজধানী ঢাকার সাড়ে তিন কোটি মানুষের নিরবচ্ছিন্ন নাগরিক সেবা নিশ্চিত করা শুধু দুই সিটি করপোরেশনের একার পক্ষে বড় চ্যালেঞ্জ।

তিনি বলেন, রাজধানীর সার্বিক উন্নয়ন, নাগরিক স্বস্তি, সড়কে শৃঙ্খলা এবং পরিবেশের উন্নয়ন নিশ্চিত করতে সিটি করপোরেশনের পাশাপাশি রাজনৈতিক নেতৃত্ব, ওয়ার্ড পর্যায়ের জনপ্রতিনিধি, সামাজিক সংগঠন ও সাধারণ নাগরিকদেরও নিজ নিজ অবস্থান থেকে দায়িত্ব পালন করতে হবে।

গতকাল রাজধানীর গ্রিন রোড স্টাফ কোয়ার্টারে সিটি করপোরেশন আয়োজিত এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

শেখ রবিউল আলম বলেন, ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশনের নির্ধারিত জনবল, দপ্তর ও বিদ্যমান সক্ষমতা দিয়ে বিপুলসংখ্যক নগরবাসীর সব ধরনের সেবা নিশ্চিত করা কঠিন। এই বাস্তবতা উপলব্ধি করেই নগরীর সমস্যাগুলো চিহ্নিত করে সমাধানের উদ্যোগ নিতে হবে।

তিনি বলেন, নগরকে বাসযোগ্য, স্বস্তিদায়ক ও সমৃদ্ধ করে গড়ে তুলতে সম্মিলিত উদ্যোগের বিকল্প নেই। শুধু সিটি করপোরেশনের ওপর সব দায়িত্ব ছেড়ে দিলে কাঙ্ক্ষিত উন্নয়ন সম্ভব হবে না। নগরবাসী, রাজনৈতিক নেতৃত্ব এবং সংশ্লিষ্ট সব পক্ষকে সমন্বিতভাবে কাজ করতে হবে।

মতবিনিময় সভায় বিভিন্ন ওয়ার্ডের সমস্যাগুলো সুনির্দিষ্টভাবে তুলে ধরার

● পৃষ্ঠা ২ কলাম ৩

ড্রাইভিং লাইসেন্স ও গাড়ির কাগজ নবায়নের সময় বাড়লো

নিজস্ব প্রতিবেদক

জরিমানা প্রদান ছাড়াই মূল কর ও ফি দিয়ে সব ধরনের মোটরযানের কাগজপত্র (ফিটনেস, ট্যাক্স টোকেন ও রুট পারমিট) এবং ড্রাইভিং লাইসেন্স হালনাগাদ করার সময়সীমা আগামী ২৯ অক্টোবর পর্যন্ত বাড়িয়েছে সরকার।

সোমবার বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের (বিআরটিএ) অফিশিয়াল ফেসবুক পেজে দেওয়া এক জরুরি বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিআরটিএ-র

● পৃষ্ঠা ২ কলাম ৪

হেলথ টিপস্



পরীক্ষার আগেই কি কুকুর ক্যান্সার শনাক্ত করতে পারে? গবেষণায় নতুন তথ্য

স্বাস্থ্য ডেস্ক

চিকিৎসাবিজ্ঞানের অসাধ্য সাধন করতে এবার মানুষের বিশ্বস্ত বন্ধু কুকুর হাত বাড়িয়েছে কৃত্রিম বুদ্ধিমত্তার সঙ্গে। পরীক্ষাগারের জটিল রক্ত পরীক্ষা বা স্ক্যান করার আগেই মানুষের নিঃশ্বাসের ঘ্রাণ শুঁকে ক্যানসার শনাক্ত করার এক অভাবনীয় পদ্ধতি উদ্ভাবন করেছেন গবেষকরা।

আন্তর্জাতিক বার্তা সংস্থা এএফপি ও গালফ নিউজের এক বিশেষ প্রতিবেদনে উঠে এসেছে ভারতের বেঙ্গালুরুর উপকণ্ঠে কেম্পোহাল্লি গ্রামের এক গবেষণাগারের গল্প। সেখানে 'ডগনোসিস' নামের একটি বায়োটেক স্টার্টআপ কুকুরের প্রখর ঘ্রাণশক্তি ও কৃত্রিম বুদ্ধিমত্তাকে একসুতোয় বেঁধে গড়ে তুলছে এক যুগান্তকারী ও অ-আক্রমণাত্মক পরীক্ষা পদ্ধতি।

গবেষণায় দেখা গেছে, মানবদেহে কোনো রোগ বাসা বাঁধলে শরীরের রাসায়নিক প্রক্রিয়ায় সূক্ষ্ম পরিবর্তন ঘটে, যা বাতাসে নির্দিষ্ট গন্ধ ছড়িয়ে দেয়। মানুষের নাকের ভেতরে যেখানে মাত্র ৫০ লাখের মতো সেন্ট রিসেপ্টর থাকে, সেখানে কুকুরের নাকে রয়েছে প্রায় ৩০ কোটি সেন্ট রিসেপ্টর।

● পৃষ্ঠা ২ কলাম ৪

চলতি বছরই ১ লাখ আনসার সদস্যকে বিদেশে পাঠানোর পরিকল্পনা: আনসার ডিজি

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মহাপরিচালক (ডিজি) মেজর জেনারেল আবদুল মোতালেব সাজ্জাদ মাহমুদ বলেছেন, ৬০ লাখ আনসার সদস্যকে লক্ষ্য করে চলতি বছরই এক লাখ দক্ষ সদস্যকে বিদেশে পাঠানোর পরিকল্পনা নিয়েছে সরকার। দেশভিত্তিক বেতন কাঠামো ও কর্মপরিবেশের সার্বিক মান যাচাই-বাছাই করেই তাদের কাজের চূড়ান্ত ছাড়পত্র দেওয়া হবে।

গতকাল সোমবার দুপুরে গাজীপুরের কালিয়াকৈর থানাধীন সফিপুরে আনসার একাডেমির অভ্যন্তরে আনসার সদস্যদের বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণ পরিদর্শন শেষে এসব তথ্য জানান তিনি।

তিনি জানান, দক্ষ জনশক্তি হিসেবে আনসার সদস্যদের বিদেশে পাঠাতে বিদেশি প্রতিনিধিদের সঙ্গে ব্যাপক আলোচনা চলছে। এই প্রক্রিয়ার অংশ হিসেবে আজ দুপুরে সিঙ্গাপুর, মালদ্বীপ ও মরক্কোসহ চারটি দেশের রাষ্ট্রদূত ও প্রতিনিধিরা আনসার সদস্যদের

● পৃষ্ঠা ২ কলাম ৪



গতকাল রাজধানীর গ্রিন রোড স্টাফ কোয়ার্টারে সিটি করপোরেশন আয়োজিত এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য দেন সড়ক পরিবহন মন্ত্রী শেখ রবিউল আলম -আমার বার্তা

তীব্র হচ্ছে ঘূর্ণিঝড় 'অর্ণব', নৌকা-ট্রলারকে সাবধানে থাকার নির্দেশ

নিজস্ব প্রতিবেদক

বঙ্গোপসাগরে অবস্থানরত ঘূর্ণিঝড় 'অর্ণব' আরও শক্তিশালী হয়ে পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হচ্ছে। আজ মধ্যরাতের মধ্যেই এটি 'প্রবল ঘূর্ণিঝড়ে' রূপ নিতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। পরবর্তীতে আরও ঘনীভূত হয়ে এটি 'অতি প্রবল' রূপ নিয়ে আগামী ২৮ অক্টোবর ভারতের অন্ধ্রপ্রদেশ উপকূল অতিক্রম করতে পারে।

● পৃষ্ঠা ২ কলাম ৪

জুনাইদ আহমেদ পলক জুলাইয়ে 'কোটা' ছাত্র আন্দোলনের পক্ষে ছিল: আদালতে আইনজীবী

নিজস্ব প্রতিবেদক



সাবেক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক জুলাইয়ের ছাত্র আন্দোলনের 'কোটা আন্দোলনের' পক্ষেই ছিলেন বলে দাবি করেছেন তার আইনজীবী অ্যাডভোকেট ফারজানা ইয়াসমিন রাখি। গতকাল সোমবার (২৬ অক্টোবর) ঢাকার একটি আদালতে ২০২৪ সালের জুলাই-আগস্টের ছাত্র আন্দোলনের সময় সংঘটিত রাজধানীর মোহাম্মদপুর থানার একটি হত্যা মামলার শুনানি শেষে গণমাধ্যমের সামনে দেওয়া বক্তব্যে এ দাবি করেন তিনি।

পলকের আইনজীবী বলেন, সংশ্লিষ্ট মামলার প্রাথমিক তথ্য বিবরণীতে (এফআইআর) জুনাইদ আহমেদ পলকের নাম ছিল না। তার দাবি, পলক এ মামলায় নির্দোষ এবং জুলাইয়ের ছাত্র আন্দোলনের সময় 'কোটা' বিরোধী আন্দোলনে তিনি শিক্ষার্থীদের পক্ষেই অবস্থান নিয়েছিলেন। আদালতে শুনানি শেষে আয়োজিত প্রেস

● পৃষ্ঠা ২ কলাম ৪

চুয়েটের অচলাবস্থা নিরসনে সংশ্লিষ্টদের নিয়ে বসছে পরামর্শক কমিটি

নিজস্ব প্রতিবেদক

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) চলমান অচলাবস্থা নিরসন এবং শ্রেণিকক্ষে পাঠদান পুনরায় চালুর লক্ষ্যে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের সঙ্গে মতবিনিময় করবে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) গঠিত ছয় সদস্যের উচ্চপর্যায়ের পরামর্শক কমিটি। আগামী বুধবার (২৮ অক্টোবর) কমিটির সদস্যরা চুয়েট

● পৃষ্ঠা ২ কলাম ৪

ট্রেনে কক্সবাজার যাবেন ১০ উপজেলার মানুষ, কোন স্টেশনে কত আসন

নিজস্ব প্রতিবেদক

দীর্ঘদিন ধরে ঢাকা ও চট্টগ্রাম থেকে সরাসরি ট্রেনে পর্যটন নগরী কক্সবাজার যাওয়ার সুযোগ পাচ্ছেন যাত্রীরা। তবে পথে রেললাইন ও স্টেশন থাকলেও অনেক এলাকার মানুষের সেই ট্রেনে ওঠার সুযোগ ছিল না। তাদের এলাকার ওপর দিয়ে ট্রেন ছুটে যেত কক্সবাজারের পথে, অথচ সেই ট্রেনে চড়ে গন্তব্যে পৌঁছানোর সুযোগ ছিল না। এবার সেই আক্ষেপ ঘুচছে। ঢাকা-চট্টগ্রাম রুটে চলাচল করা মহানগর এক্সপ্রেসের রুট সম্প্রসারণ করে আজ সোমবার (২৬ অক্টোবর) থেকে কক্সবাজার পর্যন্ত নেওয়া হচ্ছে। এতে নতুন করে ১০টি উপজেলার যাত্রীরা নিজ এলাকার কাছের স্টেশন থেকেই সরাসরি কক্সবাজার যাওয়ার সুযোগ পাবেন।

নতুন এই ব্যবস্থায় নরসিংদী, কিশোরগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা ও ফেনী জেলার যাত্রীরা বিশেষভাবে উপকৃত হবেন। তাদের আর কক্সবাজার যাওয়ার ট্রেন ধরতে ঢাকার দিকে আসা কিংবা চট্টগ্রাম

● পৃষ্ঠা ২ কলাম ৫

সম্পাদক : মোঃ জসিম উদ্দিন। নির্বাহী সম্পাদক : আবু বকর সিদ্দিক। সম্পাদক কর্তৃক প্রকাশিত বিএস প্রিন্টিং প্রেস ৫২/২ টয়েনবি সার্কুলার রোড, সূত্রাপুর, ঢাকা থেকে মুদ্রিত, **প্রধান কার্যালয় :** সায়হাম স্কাইভিউ টাওয়ার (৯ম তলা), ৪৫ বিজয় নগর, ঢাকা-১০০০, ফোন : ৮৩৯২৬৬১, ৮৩৯২৬৬২, বিজ্ঞাপন বিভাগ : ৮৩৯২৬৬৫, মফস্বল : ৮৩৯২৬৬৪, ই-মেইল : dailyamarbarta@gmail.com, adamarbarta@gmail.com